

# যায়যায়দিন

তারিখ - 07 FEB 2007 ...  
পৃষ্ঠা ৯২ কলাম ৩ .....

ফোন  
৯৯  
২০

## সার্টিফিকেট জালিয়াতি ন্যাশনাল ইউনিভার্সিটির দুই কর্মকর্তা বহিষ্কৃত

গাজীপুর প্রতিনিধি

সার্টিফিকেট জালিয়াতির অভিযোগে  
ন্যাশনাল ইউনিভার্সিটির সনদ শাখার দুই  
কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।  
গত সোমবার ইউনিভার্সিটির রেজিস্ট্রার  
স্বাক্ষরিত এক পত্রে সনদ কর্মকর্তা মাহবুবুর  
রহমান মানিক ও সাবেক সনদ কর্মকর্তা  
শাহনুর রহমানকে সাময়িকভাবে বরখাস্ত

## ন্যাশনাল ইউনিভার্সিটির

(শেষ পৃষ্ঠার পর)

করা হয়। জানা যায়, চট্টগ্রামের হাটহাজারী  
কলেজের ছাত্র মোঃ নাসিরউদ্দিন ১৯৯৭ সালে  
বিএ (পাস) পরীক্ষায় অংশ নিয়ে অকৃতকার্য  
হয়। কিন্তু জালিয়াতির মাধ্যমে ওই দুই  
কর্মকর্তা অকৃতকার্য ওই পরীক্ষার্থীকে দ্বিতীয়  
বিভাগে উত্তীর্ণ দেখিয়ে সার্টিফিকেট তৈরি ও  
ইসু করে। পরে উদ্যেগে বিষয়টি ধরা পড়লে  
তাদের বিরুদ্ধে এ ব্যবস্থা নেয়া হয়।